

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ছিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৪৭) কোনো মানুষ যদি নফল সিয়াম ইচ্ছাকৃত ভঙ্গ করে ফেলে, তবে কি গুনাহগার হবে? যদি সহবাসের মাধ্যমে ভঙ্গ করে, তবে কি কাফফারা দিতে হবে?

উত্তর: কোনো মানুষ নফল সাওম রেখে যদি পানাহার বা স্ত্রী সহবাসের মাধ্যমে ভঙ্গ করে ফেলে, তবে কোনো গুনাহ্ নেই। নফল সাওম শুরু করলেই তা পূর্ণ করা আবশ্যক নয়। তবে হজ-ওমরার কাফফারার সাওম পূর্ণ করতে হবে। কিন্তু নফল সিয়াম শুরু করার পর পূর্ণ করাই উত্তম। তাই নফল সিয়াম রেখে স্ত্রী সহবাসের মাধ্যমে ভঙ্গ করলে কাফফারা দিতে হবে না। কেননা তা পূর্ণ করা আবশ্যক নয়।

কিন্তু সিয়াম যদি ফরয হয় এবং স্ত্রী সহবাস করে তবে তা নাজায়েয। কেননা বিশেষ প্রয়োজন না দেখা দিলে ফরয সিয়াম ভঙ্গ করা জায়েয নয়। তবে রামাযানের সাওম যদি তার ওপর ফরয থাকে এবং দিনের বেলা স্ত্রী সহবাসে লিপ্ত হয়, তবে কাফফারা দিতে হবে। "রামাযানের সাওম যদি তার ওপর ফরয থাকে" একথার অর্থ হচ্ছে: যদি স্বামী-স্ত্রী দু'জনই সফরে থাকে, দু'জনেই সাওম রাখে, তারপর সহবাসের মাধ্যমে সাওম ভঙ্গ করে, তবে তারা গুনাহগার হবে না। তাদেরকে কাফফারা দিতে হবে না। অবশ্য তাদেরকে উক্ত দিনের সিয়াম কাযা আদায় করতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1121

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন